

হোম শপিং (বাড়ি থেকে কেনাকাটা করা)

ইন্টারনেট • মেইল অর্ডার • টেলিফোন • ফ্যাক্স • ডিজিটাল টেলিভিশন

একজন 'কনজিউমার' বা ভোক্তা হিসাবে আপনার আইনগত অধিকারসমূহ

আপনি যদি ইন্টারনেট, মেইল অর্ডার, টেলিফোন, ফ্যাক্স বা ডিজিটাল টেলিভিশন ব্যবহার করে জিনিষপত্র বা সেবা কেনেন, সেক্ষেত্রে আপনার কিছু নতুন আইনগত অধিকার রয়েছে :

1. সুস্পষ্ট তথ্য

বিক্রেতাকে অবশ্যই আপনাকে যা জানাতে হবে :

- তার নাম এবং, যদি আপনাকে আগাম দাম মেটাতে হয়, তার সঙ্গে ডাকযোগে যোগাযোগ করার ঠিকানা;
- সমস্ত জিনিস ও সেবার বর্ণনা;
- সমস্ত রকম কর ও সরবরাহ করার খরচসহ মোট দাম;
- দাম পরিশোধ করার ব্যবস্থা;দি;
- সরবরাহ করার ব্যবস্থা; এবং
- আপনার অর্ডার বা বরাত বাতিল করার অধিকার এবং জিনিষপত্র ফেরত দেবার খরচ মেটানোর দায় আপনার ওপরে বর্তাবে কিনা।

তাকে আরো যা অবশ্যই জানাতে হবে :

- কোনরকম সেবার ক্ষেত্রে, ঐ সেবা যদি কিছু সময় ধরে সরবরাহ করার ব্যবস্থা থাকে তাহলে সংশ্লিষ্ট চুক্তির ন্যূনতম মেয়াদ; এবং
- সেবা সরবরাহ করার প্রস্তাব কতদিন চালু থাকবে।

2. একটা 'কুলিং অফ' বা আপনার মনস্থির করার সময়

আপনি যদি মত পালটাতে চান সেক্ষেত্রে আপনার সিদ্ধান্ত বদল করার ও কোন অর্ডার বাতিল করার জন্য আইন আপনাকে সাত কাজের দিনের সময় দেবে।

3. জালিয়াতি বা জুয়াচুরির ঝুঁকির বিরুদ্ধে আপনার ক্রেডিট কার্ড-এর সুরক্ষা

বাড়ি থেকে কেনা জিনিষপত্র বা সেবার দাম পরিশোধ করার জন্য আপনি যে কার্ড ব্যবহার করছেন, অন্য কোন লোক যদি অসাধু বা প্রতারণামূলক উপায়ে তা ব্যবহার করে আপনি দাম পরিশোধ করার চুক্তি বাতিল করতে পারেন এবং কার্ড সরবরাহকারীকে আপনার ইতিমধ্যেই দেওয়া অর্থ অবশ্যই আপনার হিসাবে ফেরত দিতে হবে।

প্রয়োজনে সাহায্য কোথায় পাওয়া যাবে

আপনার বিভিন্ন অধিকার সম্পর্কে আরো পরামর্শের জন্য আপনার স্থানীয় সিটিজেনস্ অ্যাডভাইস ব্যুরো (Citizens Advice Bureau) অথবা ট্রেডিং স্ট্যান্ডার্ডস্ (Trading Standards) বিভাগের সঙ্গে যোগাযোগ করবেন। তাদের ঠিকানা ও টেলিফোন নম্বর ফোন বইতে পাওয়া যাবে। অন্যথায় আপনি অফিস অফ ফেয়ার ট্রেডিং (Office of Fair Trading)-এর সঙ্গে তাদের কনজিউমার ফোন লাইন-এ যোগাযোগ করতে পারেন : 08457 22 44 99.

আপনার যদি ইন্টারনেট ব্যবহারের সুযোগ থাকে, আপনি এইসব ওয়েবসাইট থেকে 'অনলাইন' পরামর্শ পেতে পারবেন : www.adviceguide.org.uk, www.tradingstandards.gov.uk, www.of.gov.uk অথবা ডিটিআই কনজিউমার গেটওয়ে (DTI Consumer Gateway) ওয়েবসাইট : www.consumer.gov.uk